গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৬৩.১৯.০০২.২১-১২৯৬ তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪৩১ / ০৮ ডিসেম্বর ২০২৪

**বিষয়ঃ মেহেরপুর পৌরসভায় অফিস সহায়ক হিসেবে জনাব মোঃ শাহজামাল খাঁনকে বদলির আবেদন প্রসঙ্গে।**

সূত্র : জনাব মোঃ শাহজামাল খাঁন, পিতা: মোঃ রহমতুল্লাহ খাঁন, সাং-মেহেরপুর সেখ পাড়া, ০৪ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা এর আবেদন, তারিখ: ২৪ নভেম্বর ২০২৪খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে জনাব মোঃ শাহজামাল খাঁন, পিতা: মোঃ রহমতুল্লাহ খাঁন, সাং-মেহেরপুর সেখ পাড়া, ০৪ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর এ বিভাগে আবেদন করে জানিয়েছেন যে, তিনি মেহেরপুর পৌরসভায় অফিস সহায়ক পদে কর্মরত ছিলেন। স্থানীয় সরকার বিভাগ হতে গত ১৫ মার্চ ২০১১ তারিখে তাকে মেহেরপুর জেলার গাংনী পৌরসভায় বদলি করা হয়। এ প্রেক্ষিতে মেহেরপুর পৌরসভা হতে গত ২৪ মার্চ ২০১১ তারিখ তাকে অবমুক্ত করা হয়। কিন্তু গাংনী পৌরসভার তৎকালীন মেয়র তার যোগদানপত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানায়। এ পর্যায়ে গাংনী পৌরসভায় বদলির আদেশটি বাতিল করে পুনরায় মেহেরপুর পৌরসভায় পদায়নের জন্য জনাব মোঃ শাহজামাল খাঁন আবেদন দাখিল করেছেন।

২। এমতাবস্থায়, জনাব মোঃ শাহজামাল খাঁন এর আবেদনে উল্লিখিত বিষয় সম্পর্কে বিস্তারিত তথ্যসহ প্রতিবেদন আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

08.12.2024

মোহাম্মদ কবির উদ্দীন
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

প্রশাসক
মেহেরপুর পৌরসভা, মেহেরপুর/গাংনী পৌরসভা, মেহেরপুর।

স্মারক নম্বর- ৪৬.০০.০০০০.০৬৩.১৯.০০২.২১-১২৯৬(১/৭) তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪৩১ / ০৮ ডিসেম্বর ২০২৪

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
৪. সচিবের একান্ত সচিব (উপসচিব), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৬. জনাব মোঃ শাহজামাল খাঁন, পিতা: মোঃ রহমতুল্লাহ খাঁন, সাং-মেহেরপুর সেখ পাড়া, ০৪ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর
৭. অফিস কপি।

08.12.2024

মোহাম্মদ কবির উদ্দীন
উপসচিব